তারিখ 13 NOV 1988
পৃষ্ঠা ২ কলাম ৭

দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

213

## সিদ্ধেশ্বরী গার্লস কলেজ

আমি সিদ্ধেশ্বরী গার্লস কলেজের একজন ছাত্রীর অভিভাবক। কলেজের কর্তৃপক্ষ শর্টহ্যাণ্ড ও টাইপ রাইটিং বিষয়টি চতুর্থ বিষয় হিসাবে বাণিজ্য বিভাগে বাধ্যতামূলক করিয়াছেন। শুধু বাধ্যতামূলক নয়, ইহার জন্য প্রতি ছাত্রীর নিকট হইতে পাঁচশত টাকাও গ্রহণ করিয়াছেন বাধ্যতামূলকভাবে। কলেজ প্রাঙ্গণের বাহিরে মহিলা সমিতির অফিসে উক্ত বিষয়ের ক্লাস অনুষ্ঠিত হয়। আমার প্রশ্ন হইল, কলেজ কর্তৃপক্ষ কেন বিষয়টি ছাত্রীদের জন্য বাধ্যতামূলক করিলেন এবং বিষয়টির ক্লাস কেন বাহিরে অনুষ্ঠিত হয়? তদুপরি কেন পাঁচশত টাকা বাধ্যতামূলকভাবে ধার্য করিলেন? এই ব্যাপারে যথাযথ তদন্তের দাবী জানাই।

—হামিদা বানু, ২৭/১/এ, শান্তিনগর, ঢাকা।